উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা- ১০০০।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২৩- ১২৮

তারিখ- ২৩/০৭/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) বাস্তবায়নের সম্মতি প্রদান প্রসঙ্গে

সূত্রঃ লোহাগাড়া উপজেলার স্মারক নং- ০৫.৪২.১৫৪৭.০০০.০৩.০০৮.২০২৩-৩৬০; তারিখ- ১৯/০৭/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য তাঁর উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের বিষয়ে সম্মতি প্রদান করা হল। বর্ণিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ ব্যয় করা যাবে। প্রকল্প বাস্তবায়ন শেষে বিল ও ভাউচারের কপি প্রাপ্তির পর নির্ধারিত নিয়ম অনুসরণে বরাদ্দকৃত অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

| উপ-প্রকল্প নম্বর | উপ-প্রকল্পের শিরোনাম | অনুমোদিত বাজেট (ভ্যাট ও আয়কর ব্যতীত) টাকা | ভ্যাট | আয়কর | অনুমোদিত বাজেট (ভ্যাট ও আয়কর সহ) টাকা |
|---|---|---|---|---|---|
| INF-2021-22-201547-01 | লোহাগাড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সাবমারসিবল পাম্পসহ টিউবওয়েল স্থাপন | ১,২০৭,২৪০ | ১০১,১৬৫ | ৪০,৪৬৬ | ১,৩৪৮,৮৭২ |
| INF-2021-22-201547-02 | লোহাগাড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও পরিক্ষা কেন্দ্রে হাই ও লো বেঞ্চ সরবরাহ | ২,৭৯০,৪৬০ | ৫১০,৪৫০ | ১০২,০৯০ | ৩,৪০৩,০০০ |
| | মোট- | ৩,৯৯৭,৭০০ | ৬১১,৬১৫ | ১৪২,৫৫৬ | ৪,৭৫১,৮৭২ |

কথায়ঃ সাতচল্লিশ লক্ষ একান্ন হাজার আটশত বাহাত্তর টাকা মাত্র।

বরাদ্দকৃত অর্থ নিম্নে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

<u>প্রকল্প বাস্তবায়নের সময় অনুসরণীয় শর্তাবলীঃ</u>

- বরাদ্দকৃত অর্থ উপরোল্লিখিত উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য ব্যয় করতে হবে।
- পিপিআর-২০০৮ এবং সর্বশেষ প্রকাশিত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।
- উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনায় উপ-প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত ৩৯,৯৭,৭০০.০০ (**উনচল্লিশ লক্ষ সাতানব্বই হাজার সাতশত**) টাকার বেশি ব্যয় করা যাবে না। **কিন্তু দরপত্র ডকুমেন্ট, কার্যাদেশ, চুক্তিনামা এবং বিল-ভাউচারে অবশ্যই ভ্যাট ও আয়করসহ মোট ব্যয় উল্লেখ থাকবে।**
- **উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করতে হবে।**
- দরপত্র আহ্বানের ক্ষেত্রে অবশ্যই পিপিআর-২০০৮ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। **যে সব উপজেলার ইজিপি চালু হয়েছে সে সব উপজেলায় ইজিপি-তে টেন্ডার আহ্বান করতে হবে।**
- দরপত্র আহ্বান ও অন্যান্য খরচ নির্বাহের জন্য এডিপি গাইড লাইন অনুসরণে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- নোটিফিকেশন অব এওয়ার্ড/কার্যাদেশ/চুক্তিনামায় মোট টাকা, ভ্যাট, আয়কর এবং নীট প্রদেয় টাকার পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ফরমেট এ চুক্তিনামা সম্পন্ন করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়নকালীন সার্বক্ষণিক মনিটরিং ও সুপারভিশন অব্যাহত রাখতে হবে, যাতে করে প্রাক্কলন অনুযায়ী কাজের মান নিশ্চত হয়।
- উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে সংশ্লিষ্ট দপ্তর এবং ইউডিএফ কাজ সম্পাদন বিষয়ে প্রত্যয়ন প্রদান করবে।
- প্রতিটি প্রকল্প বাস্তবায়নের পূর্বে উক্ত স্থানের (অবকাঠামো) ভিডিও ও স্টিল পিকচার এবং কার্যক্রম শেষে ভিডিও ও স্টিল পিকচার সরবরাহ করতে হবে।
- অবকাঠামো স্কীমের ক্ষেত্রে উপ-প্রকল্পের নাম, বরাদ্দকৃত অর্থের পরিমাণ, বাস্তবায়নকারী সংস্থা, উপ-প্রকল্প বাস্তবায়নকাল, উপ-প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ, অর্থায়নকারী সংস্থা-JICA/বাংলাদেশ সরকার ইত্যাদি উল্লেখপূর্বক সাইনবোর্ড বা নামফলক দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে।
- Equipment এর ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের উপর স্থায়ীভাবে UGDP প্রকল্পের নাম ও গ্রহণ/বাস্তবায়নের তারিখ থাকতে হবে। উপজেলা কর্তৃক বিল অনুমোদনকালে ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল হতে উক্ত অর্থবছরের জন্য প্রযোজ্য এনবিআর কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শনপূর্বক সমাপ্তি প্রতিবেদনের সাথে ঠিকাদার কর্তৃক প্রদত্ত বিল-ভাউচার এর কপি প্রকল্প কার্যালয়ে পাঠাতে হবে।
- **Construction** কাজের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (**OTM**) অফিসিয়াল **Estimate** এর চেয়ে ১০% এর অধিক বা কম মূল্যে দাখিলকৃত দরপত্র গ্রহন যোগ্য হবে না।

- দরপত্রে উর্ধ্বদর এর ক্ষেত্রে অতিরিক্ত অর্থ উপজেলা পরিষদ হতে সংস্থান করতে হবে অথবা পুনরায় দরপত্র আহবান করতে হবে।
- ঠিকাদারকে চূড়ান্ত বিল পরিশোধের পর ব্যাংক স্টেটমেন্টসহ আর্থিক প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- প্রতিটি উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে প্রকল্প ব্যয় প্রতিবেদন প্রস্তুত করতে হবে। প্রকল্প ব্যয় প্রতিবেদনে প্রকল্প বাস্তবায়ন ব্যয়, ভ্যাট ও ট্যাক্স আলাদাভাবে প্রদর্শন করতে হবে। **প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক বিল অনুমোদনকালে উক্ত অর্থবছরের জন্য এনবিআর কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে। উক্ত পরিমান ভ্যাট ও ট্যাক্স প্রকল্পের জিওবি তহবিল হতে সরকারের নির্দিষ্ট তহবিলে জমা করে তার কপি সংশ্লিষ্ট উপজেলায় সংরক্ষণের জন্য প্রেরণ করবে।** প্রকল্প ব্যয় প্রতিবেদন ছক প্রকল্প অফিস থেকে সরবরাহ করা হবে।
- প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত হওয়ার পর উপজেলা পরিষদ বিল অনুমোদন করবে।
- বিল অনুমোদনের পর প্রকল্পের নাম, বিলের টাকার পরিমাণ, আরোপযোগ্য ভ্যাট ও আয়কর (যা প্রকল্প অফিস কর্তৃক পরিশোধ করা হবে) এবং ঠিকাদারের নাম, ঠিকানা, ফোন নম্বরসহ বিলের ০১ (এক) সেট ফটোকপি প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় ব্যয়ের বিল-ভাউচার অডিটে প্রদর্শনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে সংরক্ষণ করতে হবে।
- **টেন্ডার আহ্বান সহ প্রকল্প বাস্তবায়ন অন্তে আগামী ২৯ ফেব্রুয়ারী ২০২৪ এর মধ্যে বিল ভাউচার প্রকল্প এর প্রধান কার্যালয়ে প্রেরন নিশ্চিত করতে হবে।**

২৮/০১/২৪

ড. মলয় চৌধুরী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
(অতিরিক্ত সচিব)
ফোন- ৫৫১৩০৭২৫

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগাড়া, চট্টগ্রাম ।
০২। উপজেলা নির্বাহী অফিসার
লোহাগাড়া, চট্টগ্রাম ।
০৩। উপজেলা প্রকৌশলী
লোহাগাড়া, চট্টগ্রাম ।

<u>অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম ।
০৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম ।
০৬. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), লোহাগাড়া, চট্টগ্রাম ।
০৭. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, জাইকা, ঢাকা।
০৮. অফিস কপি।